300711 I 2682 100Rs.

INDIA NON JUDICIAL

१०० रू. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

Paid in C. F. S.

REGISTRAR, ALIPORE
24 Parganas

মং ৮০০০.০০ আট হাজার টাকা পন মূল্যের সাফ বিক্রয় কোবালা : -

কোবালা গ্রহিতা : -

শ্রী নিরঞ্জন সাহা , পিতা শ্রী নিত্য বিহারী সাহা , জাতি হিন্দু পেশা ব্যবসা ,
সাং চাকদহ শ্রীপল্লী , থানা রিজেন্টপার্ক জেলা ২৪ পরগণা ।

কোবালা দাতা : -

১। শ্রী বীরেন্দ্র নাথ মন্ডল , ২। শ্রী বিশ্ব নাথ মন্ডল , ৩। কুমারী ঝর্ণা মন্ডল ,
৪। কুমারী আল্পনা মন্ডল , ৫। না: শ্রী তারক মন্ডল , সকলের পিতা ৺ লক্ষ্মী কান্ত মন্ডল , উক্ত নাবালক পক্ষে গার্জেন মাতা ও স্বয়ং
৬। শ্রীমতি লতিকা মন্ডল , স্বামী ৺ লক্ষ্মী কান্ত মন্ডল ,
৭। শ্রীমতি জ্যোৎস্না মোহন্ত , স্বামী শ্রী নির্ম্মল মোহন্ত ,
৮। শ্রীমতি অর্চ্চনা আদক , স্বামী শ্রী অজিত আদক,
৯। শ্রীমতি কল্পনা দাস , স্বামী শ্রী রবিরাম দাস ,
সর্ব জাতি হিন্দু পেশা যথাক্রমে চাষ ও গৃহস্থালী ও অধ্যায়ন, সর্ব সাং চাকদহ , থানা রিজেন্টপার্ক জেলা ২৪ পরগণা।

100Rs.

INDIA NON JUDICIAL

१००रु. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

।।২।।

কস্য রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের ।.২ সাত কাঠা পরিমিত শালি জমি বিক্রয়ের খোস কোবালা দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে: - জেলা ২৪ পরগণা , থানা সাবেক সদর টালিগঞ্জ, তৎপর যাদবপুর , বর্তমানে রিজেন্টপার্ক , সাবরেজিষ্ট্রারি আফিস আলিপুর অত্র জেলা কালেক্টরির ৩৫১নং তৌজি ভুক্ত রে:সা: নং ২৭৪ , জে:এল ৪৪ মৌজা চাকদহ গ্রামে ২৯নং খতিয়ানের অন্তর্গত ৬০০নং দাগ ভুক্ত .৫১ শতক শালি জমি জমা আমরা অত্র কোবালা দাতা এবং দাত্রীগন আমাদের পূর্বাধিকারী কমল মন্ডল , ও লক্ষ্মী কান্ত মন্ডলের স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে। উক্ত কমল মন্ডল ( লক্ষ্মী কান্ত মন্ডল)তাঁহার একমাত্র পুত্র উক্ত লক্ষ্মী কান্ত মন্ডলকে ওয়ারিশ রাখিয়া অপর কোন ওয়ারিশ না রাখিয়াকোন প্রকার দান বা দান বা উইল না করিয়া পরলোক গমন করেন ।

অত:পর লক্ষ্মী কান্তমন্ডল আমরা অত্র দলিলের দাতা এবং দাত্রীগনকে ওয়ারিশ রাখিয়া অপর কোন ওয়ারিশ না রাখিয়া কোন প্রকার দান বা উইল না করিয়া পরলোক গমন করেন । এমত প্রকারে আমরা অত্র দলিলের ১ হইতে ৫নং দাতা এবং দাত্রী

2682

100Rs.

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु.

Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

॥৩॥

এবং ৭ হইতে ১নং কোবালা দাত্রীগন আমাদের পিতার ওয়ারিশ সূত্রে এবং আমি ৬নং দাত্রী স্বামীর ওয়ারিশ সূত্রে উক্ত বা নিম্ন তপশীল বর্নিত জমি ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া অবিভক্ত অবস্থায় ভোগ দখল করিয়া আসিতেছি, ।

এইমন আমাদের নানা প্রকার সঙ্গত কারনে নগদ টাকার প্রয়োজনে উক্ত .৫১ শতক জমি জমা মধ্যে .৩৩ শতক বা ১এক বিঘা জমি জমা ১।২।৩নং রুপে বিভাগ বন্টন করিয়া বিক্রয় করিবার ঘোষনা করিলে আপনি অত্র কোবালা গ্রহিতা তাহা অবগত হইয়া উক্ত বা নিম্ন তপশীল বর্নিত জমি বেলমোক্তা ৮০০০.০০ আট হাজার টাকা পন মূল্যে খরিদ করিবার মানষে আমাদের নিকট প্রস্তাব করিলে আমরা অত্র কোবালা দাতাগন আপনার প্রস্তাবে সম্মত হইয়া অদ্যকার তারিখে আপনার নিকট হইতে ধার্য্য পন মূল্যের লিখিত ৮০০০.০০ আট হাজার টাকা নিম্ন তপশীল জায় মোতাবেক গ্রহন করিয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল আপনার ব্যয়ে আপনার বরাবর সহি সম্পাদন করিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গিঁকার, প্রকাশ, ও প্রকার করিতেছি যে : -

60 Rs.

साठ रुपया

भारत

INDIA

৬০রু. SIXTY RUPEES 60RS

11811

বিক্রিত উক্ত বা নিম্ন তপশীল বর্নিত জমি জমাতে আমরা অত্র কোবালা দাতাগন আমাদের যে সমূদয় স্বত্ত্ব, স্বামিত্ত্ব, স্বার্থ, লভ্য, দখল, অধিকার ছিল বা আছে তৎসমূদয় নির্ব্যূঢ় স্বত্ত্বে রদ রহিত বিলুপ্ত ও ধ্বংস হইয়া সর্বতোভাবে কোবালা গ্রহিতা আপনাতে বর্তিল বা অর্শিল। আপনি কোবালা গ্রহিতা অদ্যকার তারিখ হইতে বিক্রিত নিম্ন তপশীল বর্নিত জমি জমাতে আমাদের স্বত্ত্বে স্বত্ত্ববান ভোগবান মালিক দখলীকার হইয়া বর্তমান মাল কান সরকারে আমাদের নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তনক্রমে ধার্য্য খাজনাদি আদায়ে দাখিলা ও বিলাদি গ্রহনে উহা সর্ব প্রকার দান, বিক্রয়, বন্ধক, হস্তান্তর করনের ক্ষমতাযুক্তে আপনি, মায় আপনার পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্ত ব্যক্তিগনক্রমে পরমসুখে ভোগ দখল করিতে থাকুন ও থাকিবেন। তাহাতে কালে কস্মিনে আমরা কিম্বা আমাদের ওয়ারিশান স্থলাভিষিক্ত ব্যক্তিগনক্রমে কেহ কখনও কোন দিন কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিবনা বা পারিবেনা করিলেও তাহা বাতিল নামঞ্জুর বলিয়া গন্য হইবে।

বিক্রিত নিম্ন তপশীল বর্নিত জমি আমরা ইতি পূর্বে দান, বিক্রয়, বন্ধক অন্য কোন প্রকার হস্তান্তর করি নাই বা করা নাই। সম্পূর্ন নির্দায় নির্দোষ ও মুক্তাবস্থায় আমাদের খাস দখলে থাকা কালে এবং বিক্রয় যোগ্য উত্তম ক্ষমতা থাকা প্রকাশে আপনার নিকট বিক্রয়

30 Rs.

तीस रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

THIRTY RUPEES

করিলাম এবং অদ্য তারিখে আপনাকে খোলা খাস দখল দিলাম। আমাদের উপরি উক্ত উক্তি সমূহের মধ্যে যদি কোন একটি উক্তি মিথ্যা বা তঞ্চকতা বলিয়া প্রকাশ পায় সেকারনে বা অন্য কোন কারনে আপনার অদ্যকারের খরিদা স্বত্বের বা স্বার্থের কোন রকম ভোগ দখলের বিঘ্ন ঘটে তবে আপনার নিকট হইতে অদ্যকারের লওয়া পন মূল্যের সমূদয় টাকা মায় যাবতীয় ক্ষতি খরচা সহ এক কালিন আপনাকে ফিরৎ দিতে বাধ্য রহিলাম। তদন্যথায় মাফিক আইন আমলে আসিয়া দায়ী এবং দন্ডনীয় হইব।

প্রকাশ থাকে যে, অত্র দলিলে যদি কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তাহাও আপনার তলবে বিনা পনে বিনা পারিশ্রমিকে আপনার খরচায় অত্র দলিল সংশোধন করিয়া দিতে বাধ্য রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরলমনে অন্যের বিনানুরোধে অত্র দলিল আদ্যপান্ত পাঠ করিয়া মর্ম্ম সম্যক অবগত হইয়া নিম্ন তপশীল জায় মোতাবেক, পন মূল্যের সমূদয় টাকা এক কালিন নগদ বুঝিয়া পাইয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ্ বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর সহিসম্পাদন ও রেজিষ্ট্রারি করিয়া দিলাম। ইতি তাং ১০।৫।৮৩

7 Rs

INDIA

सात रुपये सत्यमेव जयते सात रुपये

SEVEN RUPEES भारत SEVEN RUPEES

তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয়

********************************

জেলা ২৪ পরগণা, থানা সাবেক সদর টালিগঞ্জ, তৎপর যাদবপুর, বর্তমানে রিজেন্টপার্ক, সাবরেজিষ্ট্রারি আফিস আলিপুর অত্র জেলা কালেক্টরির মহাল ৩৫১ নং তৌজি ভুক্ত রে:সা: নং ২৭৪, জে:এল ৪৪ মৌজা চাকদহ গ্রামের ২৯নং খতিয়ান লিখিত ১.৪০ শতক জমির কাত বার্ষিক ৪.০০ টাকা ৫পাঁচ আনা করের জমি জমার মধ্যে ৬৩০নং দাগের শালি .৫১ শতক জমি জমা যাহা আমরা ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়াছি উক্ত জমি জমার মধ্যে অত্র দলিল সাথ দাখিলী নক্সায় লাল রঙের রেখার দ্বারা সীমাঙ্কিত মাপসূরত চিহ্নিত ।।২।।নং প্লট ভুক্ত কমবেশ ।২ সাত কাঠা জমি সায় যাবতীয় আকর আওলাতাদি ও ইজমেনট স্বত্বাদি দরবস্ত হক্ হকুক সম্পত্তি এই দলিলের বিক্রিত সম্পত্তি হইতেছে। বিক্রিত জমির বার্ষিক হারাহারি খাজনা .৪২ পয়সা ।

| খতিয়ান নং : - | দাগ নং | শ্রেনী : - | বিক্রিত জমি : - |
|---|---|---|---|
| ২৯ | ৬৩০ ছয় শত ত্রিশ | শালি | ।২ সাত কাঠা |

মং সাত কাঠা জমি মাত্র ।


বিক্রিত জমি বর্তমানে চাষাবাদ রূপে ব্যবহার হইতেছে।

LAND PLAN AS PER PRESENT POSITION OF A PORTION OF C.S. PLOT NO. 630. OF MOUZA CHAKDAH, J.L. NO. 44, POLICE STATION-REGENT PARK, DISTRICT-24-PARGANAS.(S.)

SCALE-33'FT.=1" ONE INCH.

REF:- LAND UNDER SALE SHOWN THUS ...... P/2.

AREA UNDER SALE ------- -7 KATHA. (MORE OR LESS)




Surveyor.
8.5.85.

:- চৌহদ্দি : -

*******************

উত্তর : - ৬৩০নংদাগের জমি ।

দক্ষিন :- ৬৩০নং দাগের জমি ।

পূর্ব : -৬২৯নং দাগের জমি ।

পশিচম :- পূর্ব পুটিয়ারী মৌজা : -

টাকার জায়

*******************

১০০.০০ টাকার নোট ৮০ কেতা : - - - - - ৮০০০.০০ টাকা

মং আট হাজার টাকা মাত্র ।

ইসাদি : -

****************

টাইপকারক : -

আলিপুর কলি: - ২৭